# শরহুল আকীদাহ আল-ওয়াসেতীয়া

বিভাগ/অধ্যায়ঃ আল্লাহ তাআলার সমতুল্য কেউ নেই

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ সালেহ ফাওযান [অনুবাদ: শাইখ আব্দুল্লাহ শাহেদ আল-মাদানী]

وَلَا يُقَاسُ بِخَلْقِهِ আল্লাহ সুবহানাহু ওয়া তাআলাকে তাঁর সৃষ্টির উপর কিয়াস করা যাবে না

وَلَا يُقَاسُ بِخَلْقِهِ আল্লাহ সুবহানাহু ওয়া তাআলাকে তাঁর সৃষ্টির উপর কিয়াস করা যাবে না: কিয়াস শব্দের অর্থ হচ্ছে তুলনা করা, সদৃশ তৈরি করা ইত্যাদি। অর্থাৎ সৃষ্টির সাথে আল্লাহর তুলনা করা যাবেনা এবং মাখলুকের সাথে তাঁকে সাদৃশ্যও করা যাবেনা। আল্লাহ তাআলা সূরা নাহালের ৭৪ নং আয়াতে বলেন, ﴿فَلَا تَضْرِبُوا لِلَّهِ الْأَمْثَالَ إِنَّ اللَّهَ يَعْلَمُ وَأَنتُمْ لَا تَعْلَمُونَ﴾ ‘‘কাজেই তোমরা আল্লাহর জন্য সদৃশ তৈরি করোনা। আল্লাহ জানেন, তোমরা জানোনা। সুতরাং আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার যাত (সত্তা), তাঁর অতি সুন্দর নাম ও সুউচ্চ গুণাবলী এবং তাঁর কর্মকে মাখলুকের সত্তা, নাম ও গুণাবলী এবং তাদের কাজ-কর্মের সাথে তুলনা করা যাবেনা। সকল দিক থেকে পরিপূর্ণ এবং মহান সৃষ্টিকর্তাকে কিভাবে ত্রুটিপূর্ণ মাখলুকের সাথে তুলনা করা যেতে পারে? আল্লাহ তাআলা তাঁর মাখলুকের অনুরূপ হওয়ার অনেক উর্ধ্বে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8475

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন